সকাল থেকে দীর্ঘ লাইনে নারী পুরুষ, গরমে তিন নারী অসুস্থ্য

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নে সরকার নির্ধারিত মূল্যে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) পণ্য বিক্রির নির্ধারিত দিনে এলাকার হাজারও নারী পুরুষের উপচে পড়া ভিড়ে হিমশীম খেতে হয়েছে ডিলার ও শৃংখলার দায়ীত্বে নিয়োজিত আনসার সদস্যদের।

আজ বৃহস্পতিবার (৩০ জুন) সকাল ১১ টা থেকে পণ্য বিক্রি শুরু হয়।কিন্তু টিসিবি পণ্য বিক্রির খবরে এলাকার কয়েক হাজার নারী পুরুষ এসে জড়ো হয় কাথুলি ইউনিয়ন পরিষদ চত্ত্বরে।

তদারকির দায়িত্বে নিয়োজিত গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু বলেন কাথুলী ইউনিয়নে টিসিবি’র পণ্য’র মোট বরাদ্দ ২৭২৬ জনের। এর মধ্যে আজ বৃহস্পতিবার (৩০ জুন) এই ইউনিয়নে টিসিবির পণ্য দেয়া হয়েছে ১৩৫০ জনকে। টিসিবির পণ্য দেওয়ার খবরে ওই স্থানে এলাকার কয়েক হাজার মানুষ ভিড় করাই প্রচন্ড গরম তিন জন নারী অসুস্থ হয়ে পড়েন। ফলে ডিলার ও গ্রাম পুলিশকে হিমসিম খেতে হয়েছে।

স্থানীয় কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা বলেন, টিসিবির পণ্য নিতে সকাল থেকেই নারী পুরুষের এই দীর্ঘ লাইন ও দীর্ঘ সময় অপেক্ষা করে থাকা মানুষগুলোর চরম কষ্ট ভোগ করছেন। এখানে চাহিদার তুলনায় টিসিবির পণ্য বরাদ্দ কম। এছাড়া মাত্র একজন ডিলার সারা গাংনী উপজেলার এই বরাদ্দ বিতরণ করছেন। আমার মনে এই সংখ্যা আরও বৃদ্ধি করা উচিৎ। তিনি, টিসিবির পণ্য বরাদ্দ বৃদ্ধি ও ডিলারের সংখ্যাও বাড়ানোর জোর দাবী জানান।

টিসিবির পণ্য এবার ২২০ টাকায় ২ লিটার সয়াবিন তেল, ৫৫ টাকা কেজি দরে ১ কেজি চিনি এবং ৬৫ টাকা কেজি দরে ২ কেজি মসুর ডাল বিক্রি করা হচ্ছে।

মুজিবনগরে ঈদুল আযহা উপলক্ষে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে সারা দেশে সরকারের নির্ধারিত ১ কোটি উপকারভোগী পরিবারের মাঝে টিসিবির পণ্য ২কেজি ডাল,১কেজি চিনি এবং ২ লিটার করে সয়াবিন তেল ভর্তুকি মূল্যে বিক্রয়ের অংশহিসেবে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন পরিষদে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকাল ১১টার দিকে মোনাখালী ইউনিয়ন পরিষদ চত্বরে জেলা প্রশাসনের আয়োজনে টিসিবি’র পণ্য বিক্রির উদ্বোধন করেন জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খান ।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক নাজমুল হুদা, উপজেলা পরিষদ চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, সহকারী কমিশনার ভূমি এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান, উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সমাজসেবা অফিসার আব্দুর রব, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মফিজুর রহমান মাফিজ সহ ইউনিয়ন পরিষদের সদস্য গন উপস্থিত ছিলেন। ভর্তুকি মূল্যের টিসিবি’র পণ্য প্রথম দিনে মোনাখালী ইউনিয়নে ১৫ শ পরিবারের মধ্যে ৫’শ টি পরিবারের কাছে বিক্রি করা হবে এবং পর্যায় ক্রমে ইউনিয়নের সকল উপকার ভোগী এবং উপজেলার প্রত্যেক ইউনিয়নের উপকার ভোগীদের মাঝে বিক্রয় করা হবে।